



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয় : ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০২-৯৯৭৭-১০৪৪০, E-mail: chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/প্রশা:/০২/২৫/১৮/২৭৮


তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর নাম ও বয়স সংশোধন কমিটির ৫৭ তম ও ৫৮তম সভা নিম্নলিখিত তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নিম্নোক্ত আবেদনকারীদের সকাল ১০:০০ ঘটিকায় ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ভবন-১ এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় প্রয়োজনীয় কাগজপত্র (স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য) সঙ্গে নিয়ে আসতে হবে যেমনঃ প্রার্থীর পঞ্চম শ্রেণী সমাপনী পাশের সনদ (PEC) ও মূল প্রবেশপত্র, অষ্টম শ্রেণী (JSC) সনদ, জন্ম সনদ, ভর্তি রেজিস্টারের সত্যায়িত কপি, পাসপোর্ট, পিতা ও মাতার জাতীয় পরিচয় (NID) ও এসএসসি পরীক্ষার সনদ, নিকাহনামা, ভাইবোনের সনদ, ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পিতা কর্তৃক/পিতা না থাকলে মাতা কর্তৃক জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বারা এফিডেভিট এর মূলকপি ও অন্যান্য কাগজপত্রের (যদি থাকে) মূল কপি এবং এক স্টেট ফটোকপি। আবেদনকারীকে পিতা/মাতাসহ যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক উপস্থিত থাকতে হবে। গত সভায় যাদের নাম ও বয়স সংশোধন হয়নি তাদেরকে সরাসরি নিম্নোক্ত সূচি মোতাবেক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যাদের মন্তব্য কলামে 'YES' লিখা আছে তাদের সভায় উপস্থিত হওয়ার প্রয়োজন নেই।

তারিখ ও বার	বিষয়	সময়
০৩/১২/২০২৪ মঙ্গলবার	১) জেএসসি-২০১৯ এর নাম ও বয়স সংশোধন সভা; ২) জেএসসি-২০২০ এর নাম ও বয়স সংশোধন সভা; ৩) জেএসসি-২০২১ এর নাম ও বয়স সংশোধন সভা; ৪) জেএসসি-২০২২ এর নাম ও বয়স সংশোধন সভা;	সকাল: ১০:০০ টা
০৪/১২/২০২৪ বুধবার	১) এসএসসি-২০২০ এর নাম সংশোধন সভা; ২) এসএসসি-২০২১ এর নাম ও বয়স সংশোধন সভা; ৩) এসএসসি-২০২২ এর নাম ও বয়স সংশোধন সভা; ৪) এসএসসি-২০২৩ এর নাম ও বয়স সংশোধন সভা; ৫) এসএসসি-২০২৪ এর নাম ও বয়স সংশোধন সভা; ৬) এইচএসসি-২০২০ এর নাম সংশোধন সভা; ৭) এইচএসসি-২০২১ এর নাম সংশোধন সভা; ৮) এইচএসসি-২০২২ এর নাম সংশোধন সভা; ৯) এইচএসসি-২০২৩ এর নাম সংশোধন সভা; ১০) এইচএসসি-২০২৪ এর নাম সংশোধন সভা;	সকাল: ১০:০০ টা



(প্রফেসর মোঃ সফিউদ্দিন সেখ)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

ফোন: ০২-৯৯৭৭-১০৪৫০

ই-মেইল: secbisemym@gmail.com


২৫/১১/২০২৪